

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
থানা সেন্টার প্ল্যানিং-২

বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৯ এ অনুষ্ঠিত মাসিক সভার  
কার্যবিবরণী।

সভাপতি	মাকসুদ হাসেম সিনিয়র প্ল্যানার
সভার তারিখ	৩১/১০/২০১৯
সভার সময়	বিকাল ২:৩০ ঘটিকা
স্থান	সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং) এর অফিস কক্ষ।
উপস্থিতি	সংযুক্তি-১ সদয় দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

#### আলোচনাঃ

১। ২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.১ এ “উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার” আয়োজন; ৪.২ এ “উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন” এবং ৪.৩ এ “সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন” বিষয়ে এটুআই হতে ই-মেইলে প্রাপ্ত Outline সমূহ উপস্থাপন ও আলোচনা করা হয় (সংযুক্তি-২, ৩, ৪ ও ৫ সদয় দ্রষ্টব্য)।

আলোচনান্তে সভার মধ্যে-ই এটুআই এ আলাপ করা হয় এবং “সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন” নভেম্বরের তৃতীয় সপ্তাহে করা যেতে পারে বলে মতামত প্রদান করেন।

২। এটুআই কর্তৃক গত ২১ জুলাই/২০১৯ হতে ২৬ জুলাই/২০১৯ তারিখ পর্যন্ত গণপূর্ত অধিদপ্তরে অনুষ্ঠিত “ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব” শীর্ষক কর্মশালায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের জন্য সমন্বিতভাবে ভূমি অধিগ্রহণে NOC ও Master Plan Delivery Apps তৈরি করা হবে বলে জানানো হয়। ফলশ্রুতিতে, রাজশাহী ও বরিশাল আঞ্চলিক অফিস কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণ বিষয়ে NOC প্রদান সংক্রান্ত উদ্ভাবনী ধারণা না রাখার বিষয়ে আলোচনা হয়।

২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা/উদ্যোগের তালিকা হিসেবে “Spatial Planning Survey Tools” উদ্ভাবনী ধারণা গত ২০ আগস্ট তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় যা তথ্য বাতায়নে ০৩/১১/২০১৯ তারিখের মধ্যে প্রকাশের ব্যাপারে আলোচনা হয়।

৩। ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন হিসেবে “Spatial Planning Survey Tools” উদ্ভাবনী ধারণার পাইলটিং এর জন্য অত্র অধিদপ্তরের অধীন চলমান “পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক প্রকল্পে RTK GPS ও Total Station মেশিন দ্বারা Physical Feature Survey Checking এর কাজ গত ১১ অক্টোবর অফিস আদেশের মাধ্যমে সম্পন্ন করা হয়।

#### সিদ্ধান্তঃ

১। ২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.৩ এ “সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন” নভেম্বরের তৃতীয় সপ্তাহে করা হবে।

২। রাজশাহী ও বরিশাল আঞ্চলিক অফিস কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণ বিষয়ে NOC প্রদান সংক্রান্ত উদ্ভাবনী ধারণা না রাখার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ২০১৯-২০২০ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা/উদ্যোগের তালিকা হিসেবে “Spatial Planning Survey Tools” উদ্ভাবনী ধারণা ০৩/১১/২০১৯ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশের সিদ্ধান্ত হয়।

৩। ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন হিসেবে “Spatial Planning Survey Tools” উদ্ভাবনী ধারণার পাইলটিং এর কাজ পায়রা-কুয়াকাটা প্রকল্পে RTK GPS ও Total Station মেশিন দ্বারা Physical Feature Survey Checking এর কাজ গত ১১ অক্টোবর অফিস আদেশের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে বলে সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ ২ হতে ৫: এটুআই হতে ই-মেইলে প্রাপ্ত Outline সমূহ।



মাকসুদ হাসেম  
সিনিয়র প্ল্যানার

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩২.০০৪.১৭.৯৩

তারিখ: ২০ কার্তিক ১৪২৬

০৫ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অডিট অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) সিনিয়র প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন

অধিদপ্তর, কক্সবাজার

৭) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৮) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৯) প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

১০) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

১১) প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল

১২) অর্থনীতিবিদ, গবেষণা ও সমন্বয়, নগর উন্নয়ন অধিদপ্তর

১৩) স্টাট লিপিকার(পিএ), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৫-১১-২০১৯

মো. তানভীর হাসান রেজাউল

প্ল্যানার